

সংযুক্তি-৩০১ (বিধি ১৩ দৃষ্টব্য)
(১৫০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর)
ইনডেমনিটি বন্ড
(গভীর ভিত্তি, পাইলিং ও বেসমেন্ট এর জন্য)

এই ইনডেমনিটি বন্ড জনাব/বেগম পিতা/স্বামী/স্ত্রী
..... সাকিন
..... থানা জেলা কর্তৃক রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের বরাবরে
সম্পাদিত।

জমির অবস্থান :

- | | | |
|-----|--|---|
| (ক) | সিটি কর্পোরেশন/পৌরসভা/গ্রাম/মহল্লা/ উন্নয়নকৃত
এলাকার নাম | : |
| (খ) | প্লট/দাগ ও খতিয়ান নং (জরিপ মোতাবেক) | : |
| (গ) | মৌজা ও থানার নাম/রক নং | : |
| (ঘ) | ওয়ার্ড নং (প্রযোজ্য ক্ষেত্রে) | : |
| (ঙ) | রাশ্পর নাম | : |
| (চ) | সিট নং (প্রযোজ্য ক্ষেত্রে) | : |
| (ছ) | সেক্টর নং | : |

যেহেতু সম্পাদনকারী রাজউক বরাবরে উল্লিখিত জমিতে গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট অনুমোদনের জন্য একটি প্ল্যান দাখিল করিয়াছেন এবং যেহেতু রাজউক পূর্বে বর্ণিত গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে অনুমোদনের জন্য সম্মত হইয়াছেন, সেহেতু মালিক স্বত্বাধিকারী উক্তরূপে গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণ সংলগ্ন ভূমির কোন ক্ষয়ক্ষতি হইলে সেই সম্পর্কে রাজউককে দায়মুক্তি (Indemnity) প্রদানের নিমিত্তে এই বন্ড প্রদান করিয়াছেন।

এবং

যেহেতু সম্পাদনকারী এই মর্মে এই ইনডেমনিটি বন্ড সম্পাদন করিতে সম্মত হইয়াছেন যে, গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণের অনুমোদনকালে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে সকল শর্তাদি আরোপ করিবে তাহা সম্পাদনকারী মানিয়া চলিবে।

এক্ষণে উপস্থিত সাক্ষীদের সম্মুখে নিম্নলিখিত শর্তাদি উল্লেখ্যে অঙ্গীকারনামা সম্পাদন করা হইল :

- ১। গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণের জন্য ভূমির স্বত্বাধিকারীর নকশাসমূহের অনুমোদন বিবেচনায় সম্পাদনকারী এইভাবে দায়িত্বভার পালন করিবেন যে, সকল সময়ের জন্য কর্তৃপক্ষকে নির্দোষ এবং যে কোন ধরনের ক্ষতিসাধন কিংবা দায়বদ্ধতা হইতে মুক্ত রাখিবে। উহার ভিত্তি খননের সময় হোক বা নির্মাণকালে অথবা উক্ত নির্মাণের পরেই হোক না কেন, সংলগ্ন সম্পত্তিতে নির্মাণ বা কোন ব্যক্তিকে যে কোন ধরনের আঘাত বা ক্ষতির কারণ ঘটাইতে পারে বা গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণের ঘটনার ফলাফল হিসাবে যাহা ঘটাবে তাহার দায়দায়িত্ব হইতে রাজউক মুক্ত থাকিবে।
- ২। স্বত্বাধিকারী এই মর্মে সম্মত আছেন এবং দায়িত্বভার নিবেন যে, স্বত্বাধিকারীকে গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন দানের পরিস্থিতিতে অথবা নির্মাণকাজের পরিস্থিতিতে কিংবা স্বত্বাধিকারী কর্তৃক যে উপায়ে গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্টের নির্মাণকাজ করিতেছেন তাহার পরিস্থিতিতে বা উল্লিখিত অনুমোদনের পরিণামে সৃষ্ট অবস্থার কারণে কর্তৃপক্ষের বিষয়ে যে কোন ব্যক্তিবর্গের দাবী উত্থাপনের ঘটনায়, সম্পাদনকারী দায়ী হিসাবে গণ্য হইবেন এবং দায়ভার গ্রহণ করিবেন।

(২)

- ৩। সম্পাদনকারী এই মর্মে আরো সম্মত এবং দায়িত্ব গ্রহণ করিতে রাজী আছেন যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দায় পূরণের জামানত হিসাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যে কোন পরিমাণ অর্থ দিতে বাধ্য থাকিবেন, যাহা রাজউক কর্তৃক কোন ব্যক্তিকে ক্ষতিপূরণ বা খেসারত হিসাবে প্রদান করিতে হইবে। গভীর ভিত্তি/পাইলিং/বেসমেন্ট নির্মাণ বিষয়ে কোন আইনগত কার্যধারা চালু হইলে সেই আইনগত কার্যধারায় রাজউক যে পরিমাণ অর্থ ব্যয় করিবে তাহাও সম্পাদনকারী প্রদান করিতে বাধ্য থাকিবে।
- ৪। সম্পাদনকারী কর্তৃক সম্পাদিত উপর্যুক্ত অঙ্গীকারনামাকে কোনরূপ ক্ষুণ্ণ না করিয়া সম্পাদনকারী রাজউককে এই বিষয়ে পূর্ণ ক্ষয়ক্ষতি প্রদান করিতে বাধ্য থাকিবে যাহা রাজউককে এই সংক্রান্ত বিষয়ে কোন ব্যক্তিকে প্রদান করিতে হইবে।
- ৫। স্বত্বাধিকারী পুনরায় এই মর্মে সম্মতি প্রদান ও অঙ্গীকার প্রদান করিতেছেন যে, এই বন্ড সকল সময় কার্যকর থাকিবে এবং সম্পাদনকারী সকল সময় ইহাতে বর্ণিত শর্তাদি পালন করিবেন।

ইহাতে উপস্থিত সাক্ষীদের সন্মুখে সম্পাদনকারী বন্ডের মর্ম অবগত হইয়া স্বেচ্ছায় অদ্য/..... তারিখে অত্র অঙ্গীকারনামায় স্বাক্ষর করিলেন।

সম্পাদনকারী (Indemnifier)

জামানতকারী/ক্ষতিপূরণকারীর স্বাক্ষর

নাম

ঠিকানা ও ফোন নম্বর

.....

১। স্বাক্ষীর স্বাক্ষর

নাম

ঠিকানা ও ফোন নম্বর

.....

২। স্বাক্ষীর স্বাক্ষর

নাম

ঠিকানা ও ফোন নম্বর

.....